দৈনিক ইত্তেফাক

তারিখ 12 SEP 1995
পৃষ্ঠা ১১ কলাম ৫

58

# চট্টগ্রাম শিক্ষা বোর্ডের মাধ্যমে আসন্ন পরীক্ষা গ্রহণের আহ্বান

চট্টগ্রাম অফিস ॥ বৃহত্তর চট্টগ্রাম উন্নয়ন সংগ্রাম কমিটির নেতৃবৃন্দ গতকাল সোমবার এক বিবৃতিতে চট্টগ্রাম শিক্ষা বোর্ডের অধীনে ১৯৯৬ সাল হইতে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষা অনুষ্ঠানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য শিক্ষা মন্ত্রণালয়ের নিকট আহবান জানাইয়াছেন। বিবৃতিতে নেতৃবৃন্দ চট্টগ্রাম শিক্ষা বোর্ডের অধীনে পরীক্ষা অনুষ্ঠানে সাম্প্রতিক সৃষ্ট জটিলতায় ক্ষোভ প্রকাশ করেন। বিবৃতিতে '৯৬ সালে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষা অনুষ্ঠানে শিক্ষক সমিতির চট্টগ্রাম আঞ্চলিক শাখা ঘোষিত আন্দোলন কর্মসূচীর প্রতি একাত্মতা ঘোষণা করেন। বিবৃতি প্রদানকারীদের মধ্যে রহিয়াছেন কমিটির এস, এম, জামালউদ্দিন ও অধ্যাপিকা সালমা চৌধুরী।